

স্মারক নং- ৪৬.০৮৫.০১৪.০১.০০.০৪৭.২০১৬-৩৩০

তারিখ : ২৩ মে ২০১৮

বিষয় : ঢাকা ওয়াসার 'পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার নির্মাণ (ফেজ-১) প্রকল্প' বাস্তবায়নের লক্ষ্যে মুন্সিগঞ্জ জেলার লৌহজং উপজেলাধীন যশলদিয়া মৌজায় ০.৮৫৭৫ একর (কম/বেশী) ভূমি অধিগ্রহণ প্রসংগে।

সূত্র : ঢাকা ওয়াসার স্মারক নং-৪৬.১১৩.৬১৯.০০.০০.০৩১.২০১৪-২১০, তারিখঃ ০৪/০৪/২০১৮

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন এলাকাসমূহে পরিবেশবান্ধব, টেকসই ও গনমুখী সুপেয় পানি সরবরাহ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের আওতায় ঢাকা ওয়াসা কর্তৃক 'পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার নির্মাণ (ফেজ-১) প্রকল্প'টি বাস্তবায়ন করা হচ্ছে। এ প্রকল্পের মাধ্যমে পদ্মা নদী হতে পানি উত্তোলন ও পরিশোধনপূর্বক ১ম ফেজে দৈনিক ৪৫ কোটি লিটার সুপেয় পানি জনসাধারণের জন্য সরবরাহ করা হবে। এটি সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিক একটি প্রকল্প। উক্ত প্রকল্পের ইনটেক চ্যানেল নির্মাণ, পরিচালন ও ভবিষ্যৎ রক্ষণাবেক্ষণের জন্য মুন্সিগঞ্জ জেলার লৌহজং উপজেলাধীন যশলদিয়া মৌজায় সংযুক্ত তফসিল মোতাবেক ০.৮৫৭৫ একর (কম/বেশী) ভূমি অধিগ্রহণকরণ প্রয়োজন। উক্ত ভূমি অধিগ্রহণের লক্ষ্যে নিম্নবর্ণিত কাগজপত্র ৫ (পাঁচ) ফর্দ করে এসাথে প্রেরণ করা হলো :

- (ক) প্রস্তাবিত ভূমির দাগসূচী,
- (খ) লে-আউট প্ল্যান,
- (গ) লাল কালিতে চিহ্নিত ভূমির নকশা,
- (ঘ) নির্ধারিত ছকে বর্ণনা,
- (ঙ) কাভার্ড এরিয়ার বর্ণনা,
- (চ) প্রকল্পের জন্য অর্থ মঞ্জুরী বা বাজেট বরাদ্দের প্রত্যয়নপত্র,
- (ছ) ন্যূনতম জমির প্রত্যয়নপত্র,
- (জ) ভূমি অধিগ্রহণের সার-সংক্ষেপ ও
- (ঝ) রাজউকের অনাপত্তি পত্র।

২। এমতাবস্থায়, ঢাকা ওয়াসার 'পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার নির্মাণ (ফেজ-১) প্রকল্প'টি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে মুন্সিগঞ্জ জেলার লৌহজং উপজেলাধীন যশলদিয়া মৌজায় সংযুক্ত তফসিল মোতাবেক কম/বেশী ০.৮৫৭৫ একর ভূমি অধিগ্রহণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

(ড. কে এম কামরুজ্জামান সেলিম)  
উপসচিব

ফোন : ৯৫৪০৩৭০

watersupply\_02@yahoo.com

জেলা প্রশাসক  
মুন্সিগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। প্রকল্প পরিচালক, 'পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার নির্মাণ (ফেজ-১) প্রকল্প', ঢাকা ওয়াসা।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।